



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)



### বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন সকল আঞ্চলিক কার্যালয়, পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের পাঠদানকারী সকল সরকারী প্রতিষ্ঠান, এমপিওভুক্ত ও নন-এমপিওভুক্ত বেসরকারী মাধ্যমিক ভোকেশনাল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (COVID-১৯) এর চলমান পরিস্থিতিতে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন সময়ে কারিগরি শিক্ষার্থীদের পড়ালেখার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে 'সংসদ বাংলাদেশ টেলিভিশন' এর মাধ্যমে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের ক্লাস পরিচালনার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নির্দিষ্ট ক্লাস রুটিন (সংযুক্ত) অনুযায়ী আগামী ০৮/০৯/২০২০ খ্রি. তারিখ বিকাল ২.৪৫ টা হতে এই সম্প্রচার কার্যক্রম শুরু হবে।

২। পাঠদানকারী শিক্ষক ক্লাসশেষে পাঠদানকৃত বিষয়ের উপর বাড়ীর কাজ দিবেন। প্রত্যেকটি বিষয়ের জন্য শিক্ষার্থীরা আলাদা খাতায় তারিখ অনুযায়ী বাড়ীর কাজ সম্পন্ন করবে এবং প্রতিষ্ঠান খোলার পর সংশ্লিষ্ট শিক্ষকের কাছে জমা দিবে। এই বাড়ীর কাজের উপর প্রাপ্ত নম্বর ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে বিবেচিত হবে।

৩। 'সংসদ বাংলাদেশ টেলিভিশন' এর মাধ্যমে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের পাঠদানের কার্যক্রম সফলভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: ক্লাস রুটিন

স্বাক্ষরিত/-

(মোঃ জাহাঙ্গীর আলম)  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১৬.১৪.০২১.১৮-

তারিখ: ০৭/০৯/২০২০ খ্রি.

#### বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [বিজ্ঞপ্তিটি BTEB ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৪। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ৬। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ৭। অধ্যক্ষ/পরিচালক, বেসরকারী পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৮। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, বেসরকারী কারিগরি প্রতিষ্ঠান (সকল)।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

#### সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় [উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭-০৯-২০২০

(মোঃ জাহাঙ্গীর আলম)  
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর